

### নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি

কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহে রক্ষিত অখালাসকৃত নিলামযোগ্য মালামাল জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং ৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. মোতাবেক নিলামে বিক্রয়ের জন্য নিলামকার্য পরিচালনার লক্ষ্যে নিলামকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হবে। সে লক্ষ্যে নিলামকারী হিসেবে নিয়োগে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা হচ্ছে। আগামী ১৩/০৫/২০২৬ খ্রি. থেকে ২০/০৫/২০২৬ খ্রি. তারিখে দরপত্র দাখিলের সময়ের মধ্যে ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানোর মাধ্যমে ১১১০২০৩১০২০১১-১৪২২৩২৮ অর্থনৈতিক কোডে জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি দাখিল করে এদপ্তরের জিএল শাখা হতে দরপত্র/টেন্ডার ফরম সংগ্রহ করা যাবে।

০২। নিলামকারী হিসেবে নিয়োগের যোগ্যতা:

(ক) নিলামকারী প্রতিষ্ঠান হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

(খ) প্রতিষ্ঠানের প্রধান/স্বত্বাধিকারীকে কমপক্ষে এইচ.এস.সি পাস হতে হবে।

০৩। টেন্ডার ফরম/দরপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি আবশ্যিকভাবে দাখিল করতে হবে:

(ক) ১৩ ডিজিটের মূসক নিবন্ধন সনদপত্র (হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ)।

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।

(গ) টিআইএন সনদপত্র (হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকসহ)।

(ঘ) নিলামকারী হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদ প্রদানকারী দপ্তরের স্মারক সংখ্যাসহ থাকতে হবে।

(ঙ) ব্যাংক সলভেন্সি সনদপত্র।

(চ) স্বত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের জাতীয় পরিচয়পত্র।

(ছ) স্বত্বাধিকারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(জ) চারিত্রিক সনদপত্র ও নাগরিকত্ব সনদপত্র।

(ঝ) কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর অনুকূলে জামানত হিসাবে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার পে-অর্ডার।

(ঞ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঞ্জিন ছবি।

সকল দলিলাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। নিলামকারী হিসেবে পূর্বে দায়িত্ব পালনকালে কোন প্রকার অনিষ্পন্ন অনিয়মের প্রমাণ এবং বর্তমান নিলামকারী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে কোন মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রভাবিত করার প্রচেষ্টা, কোন অসত্য/জাল দলিলাদি দাখিল করলে নিলামকারী হিসেবে নিয়োগের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


০৫। যথাযথভাবে পূরণকৃত টেন্ডার ফরম/দরপত্র ও উপরোল্লিখিত অন্যান্য দলিলাদিসহ নিলামকারী হিসেবে আবেদন করতে হবে। দলিলাদিসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র/দরপত্র কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এবং কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে আগামী ২০/০৫/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে। ২০/০৫/২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় টেন্ডার বক্স আবেদনকারী/দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে নিরাপত্তা জামানত বাবদ কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকার অনুকূলে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি জমা রাখতে হবে।

০৭। নির্ধারিত তারিখ ও সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর কোন টেন্ডার ফরম/দরপত্র/আনুষঙ্গিক দলিলাদি গ্রহণ করা হবে না।

০৮। অসম্পূর্ণ দরপত্র/আবেদন নিলামকারী হিসেবে নিয়োগ লাভের ক্ষেত্রে অযোগ্য হিসেবে গণ্য হবে।

০৯। কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
১২/০৫/২০২৬  
মোঃ আবদুল আজিজ সরকার  
সহকারী কমিশনার  
কমিশনারের পক্ষে।